# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
# Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা


মেমো নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪/২১৩২(১) তারিখ: ২৬-০৬-২০২৪

জনাব মো: মিজানুর রহমান
আইডি#১৭৪৯
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
কুমিল্লা আঞ্চলিক অফিস
রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশিপ অ্যান্ড লাইভলিহুড ইমপ্রুভমেন্ট (RELI) প্রজেক্ট
এসডিএফ, কুমিল্লা।

**বিষয়: বিভাগীয় মামলায় আদেশ।**

**যেহেতু,** আপনি জনাব মো: মিজানুর রহমান আঞ্চলিক প্রধান এবং এসডিএফ-এর একজন দায়িত্বশীল কর্মকর্তা হয়ে বিগত ১৯.০৩.২০২৪ তারিখে আয়োজিত RELI প্রকল্পের দ্বিমাসিক অগ্রগতি পর্যালোচনা ও Monitoring, Evaluation & Learning Workshop চলাকালে ০৪ নং সুজাতপুর ক্লাস্টারের অগ্রগতি পর্যালোচনাকালে উদ্ভুত অনাকাঙ্খিত ঘটনার সূত্রপাত হলে উক্ত উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় আপনি তাৎক্ষণিক কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে এবং পরিস্থিতি দক্ষতা ও পেশাদারিত্বের সাথে নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছেন, পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ার এক পর্যায়ে আপনি অধ:স্তন ক্লাস্টার অফিসার মো: নুর নবী-এর গায়ে হাত তুলেছেন যা অনাকাঙ্খিত, অনভিপ্রেত ও অদক্ষতার সামিল এবং যা চাকরি বিধি পরিপন্থী, এতদ:কারণে প্রধান কার্যালয় কর্তৃক একটি তদন্ত পরিচালিত হয়েছে এবং তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে এবং জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

**যেহেতু,** আপনার এহেন অপেশাদারসুলভ আচরণ এসডিএফ-এর RELI প্রকল্পের HR Policy and Manual এর অনুচ্ছেদ নং-১১ মোতাবেক গুরুতর অসদাচরণের সামিল যা' শাস্তিযোগ্য অপরাধ;

সার্বিক বিষয়াদি পর্যালোচনায় এবং পারিপার্শ্বিকতা বিবেচনায় আপনার বর্তমান মূল-বেতন হতে চার (০৪) টি ইনক্রিমেন্ট কর্তন করা হ'ল এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আপনার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬/৬/২০২৪

ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১) পরিচালক/আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
২) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, প্রধান কার্যালয়।
৩) অফিস কপি।


22/22 Khilji Road, Mohammadpur, Dhaka-1207
Phone: PABX: 41022521, 41022522, 41022523, 41022524, Fax: 41022525, E-mail: md@sdfbd.org, Website: www.sdfbd.org

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

মেমো নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪/২১৩২(২) তারিখ: ২৬-০৬-২০২৪

জনাব রিয়াজ হাসান
আইডি#০৬০৪
আঞ্চলিক ব্যবস্থাপক (কমিউনিটি ফিন্যান্স অ্যাণ্ড লাইভলীহুড)
কুমিল্লা আঞ্চলিক অফিস
রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশিপ অ্যান্ড লাইভলিহুড ইমপ্রুভমেন্ট (RELI) প্রজেক্ট
এসডিএফ, কুমিল্লা।

**বিষয়: বিভাগীয় মামলায় আদেশ।**

**যেহেতু,** আপনি জনাব রিয়াজ হাসান বিগত ১৯.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য RELI প্রকল্পের দ্বিমাসিক অগ্রগতি পর্যালোচনা ও Monitoring, Evaluation & Learning Workshop চলাকালে অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি হলে উক্ত ঘটনার এক পর্যায়ে আপনি ৪ নং সুজাতপুর ক্লাস্টারের ক্লাস্টার অফিসার জনাব মো: নূর নবী-এর গায়ে হাত তুলেছেন, উক্ত ঘটনায় অপ্রয়োজনে অংশগ্রহণ করে আপনি বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করেছেন, যা অনাকাঙ্খিত, অনভিপ্রেত, শিষ্টাচার বহির্ভূত এবং যা চাকরি বিধি পরিপন্থী, এতদ:কারণে প্রধান কার্যালয় কর্তৃক একটি তদন্ত পরিচালিত হয়েছে এবং তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে এবং জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

**যেহেতু,** আপনার এহেন অসৌজন্যমূলক, শিষ্টাচার বহির্ভূত আচরণের অনিয়মসমূহ এসডিএফ-এর RELI প্রকল্পের HR Policy and Manual এর অনুচ্ছেদ নং-১১ মোতাবেক গুরুতর অসদাচরণের সামিল যা' শাস্তিযোগ্য অপরাধ;

সার্বিক বিষয়াদি পর্যালোচনায় এবং পারিপার্শ্বিকতা বিবেচনায় আপনাকে বর্তমান পদবী আঞ্চলিক ব্যবস্থাপক (কমিউনিটি ফিন্যান্স), লেভেল-৬ থেকে আঞ্চলিক ব্যবস্থাপক (কমিউনিটি ফিন্যান্স), লেভেল-৭ এ পদাবনতি করা হ'ল। ইতোপূর্বে লেভেল-৬ এ যে কয়টি ইনক্রিমেন্টসহ মূল-বেতন ধার্য হয়েছিল বর্তমান লেভেল-৭ এর বেতন-স্কেলে মূল-বেতন সেভাবে নির্ধারিত হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আপনার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬/৬/২০২৪

ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১) পরিচালক/আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
২) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, প্রধান কার্যালয়।
৩) অফিস কপি।

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

মেমো নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪/২১৩২(৩) তারিখ: ২৬-০৬-২০২৪

জনাব মো: নূর নবী
আইডি#৩৭০৭
ক্লাস্টার অফিসার
৪ নং সুজাতপুর ক্লাস্টার
রেজিলিয়েন্স, এন্ট্রাপ্রেনিওরশিপ অ্যান্ড লাইভলিহুড ইমপ্রুভমেন্ট (RELI) প্রজেক্ট
এসডিএফ, চাঁদপুর।

**বিষয়: বিভাগীয় মামলায় আদেশ।**

**যেহেতু,** আপনি জনাব মো: নূর নবী বিগত ১৯.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য RELI প্রকল্পের দ্বিমাসিক অগ্রগতি পর্যালোচনা ও Monitoring, Evaluation & Learning Workshop চলাকালে ০৪ নং সুজাতপুর ক্লাস্টারের অগ্রগতি পর্যালোচনার সময় সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক (নির্মাণ ও পরিবেশ) তিন (০৩) টি গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণের জন্য এক-দেড় মাস আগে তহবিল প্রদান করা সত্ত্বেও অফিস ঘরের নির্মাণের কাজ শুরু না হওয়ার বিষয়টি জানতে চাইলে তার সাথে তর্কে লিপ্ত হন এবং এক পর্যায়ে উত্তেজিত হয়ে সেসময় উপস্থিত উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে ঔদ্ধত্যপূর্ণ, উশৃঙ্খল, অশালীন ও অসৌজন্যমূলক আচরণ করেন যা শিষ্টাচার বহির্ভূত এবং চাকরিবিধি পরিপন্থী। এতদ:কারণে প্রধান কার্যালয় কর্তৃক একটি তদন্ত পরিচালিত হয়েছে এবং তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে এবং জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

**যেহেতু,** এরূপ উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে উপস্থিত আঞ্চলিক প্রধানসহ সকল উর্ধ্বতন কর্মকর্তা একাধিকবার আপনাকে শান্ত থাকার জন্য অনুরোধ করলেও আপনি তা কর্ণপাত না করে উচ্চস্বরে চেচামেচি এবং অকথ্য ভাষায় গালাগালি করেন, উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ আপনাকে ঘটনাস্থল থেকে সরিয়ে নেওয়ার চেষ্টা করার এক পর্যায়ে আপনি ধস্তাধস্তি করেন এবং উর্ধ্বতন কর্মকর্তা কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক (টেকনিক্যাল অ্যাণ্ড এনভারনমেন্ট) এর গায়ে লাথি মারেন;

**যেহেতু,** আপনি কারণ দর্শানোর নোটিশের যে জবাব প্রদান করেছেন তার ভাষা অপ্রাসঙ্গিক এবং অগ্রহণযোগ্য। দাখিলীয় জবাবের শব্দচয়ন অসৌজন্যমূলক এবং স্বাভাবিক শিষ্টাচার পরিপন্থী;

**যেহেতু,** আপনার এহেন ঔদ্ধত্যপূর্ণ শিষ্টাচার বহির্ভূত আচরণ, উর্ধ্বতন কর্মকর্তাকে শারীরিকভাবে লাঞ্ছনা করা, উর্ধ্বতন কর্মকর্তার সাথে অসৌজন্যমূলক আচরণ, চাকরিবিধি লঙ্ঘন এবং শৃঙ্খলা ভঙ্গজনিত অনিয়মসমূহ এসডিএফ-এর RELI প্রকল্পের HR Policy and Manual এর অনুচ্ছেদ নং-১১ মোতাবেক গুরুতর অসদাচরণের সামিল যা' বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

**সেহেতু,** উল্লিখিত গুরুতর অসদাচরণের কারণে সার্বিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে এসডিএফ-এ আপনর চাকরির চুক্তির মেয়াদ বৃদ্ধি করার কোন যৌক্তিক কারণ নেই এবং সমীচীন নয় মর্মে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়। ক্লাস্টার কর্মকর্তা পদে আপনার চাকরির চুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৪ তারিখে শেষ হবে। সে মোতাবেক আগামী ০১-০৭-২০২৪ তারিখ থেকে আপনার চাকরির চুক্তির অবসান কার্যকর হবে। এক্ষেত্রে আপনার উপর অর্পিত দায়িত্ব শেষ কর্ম-দিবস অর্থাৎ ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য বলা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬/৬/২০২৪

ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১) পরিচালক/আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
২) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, প্রধান কার্যালয়।
৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, চাঁদপুর।
৪) অফিস কপি।

22/22 Khilji Road, Mohammadpur, Dhaka-1207
Phone: PABX: 41022521, 41022522, 41022523, 41022524, Fax: 41022525, E-mail: md@sdfbd.org, Website: www.sdfbd.org